



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৩ ডিসেম্বর ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

গুইমারায় ইউপিডিএফ'র ৬ কর্মীকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক সচিব চাকমা আজ বুধবার (১৩ ডিসেম্বর ২০১৭) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে খাগড়াছড়ির গুইমারায় ইউপিডিএফ ও গণতান্ত্রিক যুব ফোরামের ৬ কর্মীকে অস্ত্র গুঁজে দিয়ে গ্রেফতারের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে ইউপিডিএফ জেলা নেতা সচিব চাকমা অব্যাহত ধরপাকড় দমন-পীড়নের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করে বলেন, পূর্ণস্বায়ত্তশাসনের আন্দোলন বাধাগ্রস্ত করতে সরকার ঘৃণ্য খেলায় মেতে উঠেছে। একদিকে ইউপিডিএফ-এর নেতা-কর্মীদের বিরুদ্ধে সন্ত্রাসী লেলিয়ে গুপ্ত হত্যা-চাঁদাবাজি চালানোর পাশাপাশি সেনাবাহিনী দিয়ে ধরপাকড় নিষ্ঠুর দমন-পীড়ন জারি রেখেছে। রাজ্যমাটির নানিয়াচরে ইউপিডিএফ-এর ভিলেজ কমিটির সভাপতি সাবেক ইউপি মেম্বর অনাদি রঞ্জন চাকমাকে ৫ ডিসেম্বর নব্য মুখোশবাহিনী কর্তৃক হত্যা, তার আগে ৩০ নভেম্বর পানছড়িতে ইউপিডিএফ সংগঠক প্রদীপময় চাকমাকে অস্ত্র গুঁজে দিয়ে গ্রেফতারের সাথে গতকাল মঙ্গলবার রাতে গুইমারার চৌধুরীপাড়ায় ৬ জন ইউপিডিএফ ও ফ্রন্ট অর্গানাইজেশনের নেতা-কর্মী গ্রেফতার হচ্ছে তার জাজুল্য দৃষ্টান্ত।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা সেনাবাহিনীর মধ্যকার কয়েমী স্বার্থবাদী চক্রের অস্ত্র ব্যবসার দিকে ইঙ্গিত করে বলেন, অস্ত্র কারবার না করলে নিরস্ত্র ব্যক্তির সাথে এভাবে অস্ত্র গুঁজে দেয়া সম্ভব হতো না। খাগড়াছড়ি কোর্ট থেকে তুলে নিয়ে ক্যান্টনমেন্টে অস্ত্রসমেত ছবি তুলে জেলে পাঠানোর ঘটনা জনগণ ভুলে যায় নি।

তিনি বিবৃতিতে আরও বলেন, ইউপিডিএফ'কে ষড়যন্ত্রমূলকভাবে ফাঁসানোর উদ্দেশ্যে গণসংযোগ শেষে চৌধুরীপাড়ায় রাত যাপনকারী পার্টি ও অঙ্গ সংগঠন ডিওয়াইএফ-এর ৬জন নেতা-কর্মীকে অস্ত্র গুঁজে দিয়ে গ্রেফতার করা হয়েছে।

উল্লেখ্য, মঙ্গলবার দিবাগত রাত আনুমানিক ১টার দিকে মাটিরাংগা সেনা জোন থেকে ২ গাড়ি সেনা সদস্য চৌধুরীপাড়ায় হানা দেয়। এ সময় সেখানে একটি বাড়িতে অবস্থানরত ইউপিডিএফ কর্মী রিপন ত্রিপুরা(৪৫), পিতা- মৃত. পঁতিচান ত্রিপুরা, ২.এলিন চাকমা(২৪), পিতা জ্যোতির্ময় চাকমা, ৩. অনিল ত্রিপুরা(৩৬), পিতা- নলোইয়া ত্রিপুরা, ৪. চাচিং মারমা (৪০), পিতা- অংসা মারমা ৫. সুমন ত্রিপুরা(৩৩), পিতা রাজেন্দ্র ত্রিপুরা ও গণতান্ত্রিক যুব ফোরামের মাটিরাংগা উপজেলা শাখার সাংগঠনিক সম্পাদক শান্তিজয় চাকমা (শুভ), পিতা মৃত কাইন্দ্যা চাকমাকে অস্ত্র গুঁজে দিয়ে গ্রেফতার করে নিয়ে যায়। এ সময় তারা সাংগঠনিক কাজ শেষে সেখানে ঘুমাচ্ছিলেন। গ্রেফতারের পর তাদেরকে মাটিরাংগা জোনে নিয়ে যাওয়া হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)